



সীমান্তের স্পর্শকাতর এলাকায় কাঁটাতারের উদ্যোগ সরকারের



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

ভারতের সঙ্গে সীমান্তের ঝুঁকিপূর্ণ ও স্পর্শকাতর এলাকাগুলোতে কাঁটাতারের বেড়া নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনায় রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, সীমান্তে বাংলাদেশি নাগরিক নিহত হওয়ার ঘটনাগুলো অত্যন্ত উদ্বেগজনক এবং মানবাধিকারের পরিপন্থী। বুধবার (১৭ জুন) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে লিখিত উত্তরে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, সীমান্ত নিরাপত্তা জোরদার এবং অনুপ্রবেশ ঠেঁকাতে বিভিন্ন পদক্ষেপ নিয়ে কাজ করছে সরকার।

সংসদকে দেওয়া তথ্যে তিনি জানান, ২০২৪ সালের ৫ আগস্টের পর সীমান্ত দিয়ে বাংলাদেশে পাঠানো ২ হাজার ৩৬৯ জনের মধ্যে ১১ জনকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে। এছাড়া ১৮৩ জনকে ফেরত পাঠানো হয়েছে এবং অন্যদের সংশ্লিষ্ট থানার কাছে হস্তান্তর করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের পর সীমান্তে ৩৬টি অনুপ্রবেশের চেষ্টা প্রতিরোধ করেছে বিজিবি। এ বিষয়টি বিজিবি ও বিএসএফের মহাপরিচালক পর্যায়ের বৈঠকেও গুরুত্বের সঙ্গে উত্থাপন করা হয়েছে।

তিনি জানান, দুই দেশের বিভিন্ন বৈঠকে বাংলাদেশ সীমান্তে প্রাণঘাতী অস্ত্র ব্যবহারের বিরোধিতা করে আসছে। আত্মরক্ষার অজুহাতে গুলি চালিয়ে হতাহতের ঘটনায় উদ্বেগ প্রকাশের পাশাপাশি জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়েও জোর দেওয়া হয়েছে।

সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কূটনৈতিক ও সীমান্ত পর্যায়ে আলোচনা অব্যাহত রয়েছে বলেও সংসদকে জানান স্বরাষ্ট্রমন্ত্রী।